# রাষ্ট্রপতির সঙ্গে আনসার-ভিডিপি মহাপরিচালকের সাক্ষাৎ




ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (ভিডিপি) মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুরে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে তার এ সাক্ষাৎ হয়।

সাক্ষাতে আনসার ও ভিডিপির কার্যক্রম নিয়ে আলোচনা হয়। দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং বিভিন্ন জনকল্যাণমূলক কাজে বাহিনীকে আরও সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান রাষ্ট্রপতি।

মির্জা ফখরুল বলেন, আনসার ও ভিডিপি দেশের সবচেয়ে বড় জনসম্পৃক্ত নিরাপত্তা ও শৃঙ্খলা বাহিনী। দেশের আইনশৃঙ্খলা রক্ষায় এ বাহিনীর সদস্যদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

LENS ASIA

এ সময় আনসার বাহিনীর সংস্কারের বিষয়টি তুলে ধরে রাষ্ট্রপতি বিশেষ করে আনসার ব্যাটালিয়ন প্রতিষ্ঠায় শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও খালেদা জিয়ার অবদানের কথা স্মরণ করেন।

সাক্ষাৎকালে আনসার ও ভিডিপির মহাপরিচালক রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করায় মির্জা ফখরুলকে অভিনন্দন জানান।

পরে তিনি বাহিনীর বিভিন্ন কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এর মধ্যে আনসার সদস্যদের দেশে ও বিদেশে কর্মসংস্থানের উপযোগী করে তুলতে মানসম্মত প্রশিক্ষণ, সদস্যদের তথ্যভান্ডার তৈরির উদ্যোগ, ক্ষুদ্রঋণ কার্যক্রম এবং প্রত্যন্ত এলাকায় সৌরবিদ্যুৎ উৎপাদনে বাহিনীর নেওয়া বিভিন্ন কর্মসূচির কথা তুলে ধরেন।